

2 0 1 6

BENGALI
(Major)

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃত্তিবাস কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন ?
- (খ) কবি জয়দেব রচিত কাব্যগ্রন্থের নাম কী ?
- (গ) বিজয় গুপ্ত রচিত গ্রন্থটির নাম কী ?
- (ঘ) “দ্বিজ মাধব গায় সারদামঙ্গল।” ‘সারদামঙ্গল’ বলতে কোন্ শ্রেণির মঙ্গলকাব্যের কথা বলা হয়েছে ?
- (ঙ) মুকুন্দ চক্রবর্তী কোন্ উপাধিতে ভূষিত হয়েছিলেন ?
- (চ) নারায়ণদেব রচিত মঙ্গলকাব্যটি কোন্ ধারার মঙ্গলকাব্য ?
- (ছ) ‘চৈতন্যভাগবত’ কাব্যটি বাংলার কোন্ সাহিত্যধারার অন্তর্গত ?
- (জ) সাধক কমলাকান্তের জন্মস্থান কোথায় ?
- (ঝ) সৈয়দ আলাওল কোন্ শতকের কবি ?
- (ঞ) কৃষ্ণদাস কবিরাজ রচিত গ্রন্থটির নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) বাংলা সাহিত্যে রামায়ণের অনুবাদক কৃত্তিবাসের পিতা ও মাতার নাম কী ?
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার দুজন কবির নাম লেখো।
- (গ) দৌলত কাজী কোন্ রাজসভার কবি? তাঁর একটি কাব্যের নাম লেখো।
- (ঘ) বৃন্দাবনের ষড় গোস্বামীদের মধ্যে দুজনের নাম লেখো।
- (ঙ) শাক্ত পদাবলীর অন্তর্গত দুটি পর্বের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) পদকর্তা বিদ্যাপতি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।
- (খ) চর্যাপদের আবিষ্কার ও প্রকাশ সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।
- (গ) “মানব-দেহস্থিত পরমতত্ত্ব বা আত্মাকে বাউল ‘মনের মানুষ’ বলিয়া অভিহিত করিয়াছে।” উক্তিটির সঙ্গে সঙ্গতি রেখে বাউল গান সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।
- (ঘ) ‘খেতুরি মহোৎসব’ সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।
- (ঙ) টীকা লেখো : মহারাষ্ট্র পুরাণ
- (চ) টীকা লেখো : বিপ্রদাস পিপ্লাই

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) বাংলা সাহিত্যের ইতিহাসে মহাভারতের অনুবাদক হিসেবে কশীরাম দাসের কৃতিত্ব ও বৈশিষ্ট্য আলোচনা করো।
- (খ) “মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি হলেন মুকুন্দ চক্রবর্তী।” উক্তিটির আলোকে মুকুন্দ চক্রবর্তীর কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।
- (গ) বাংলা সাহিত্যের ইতিহাসে কবি সৈয়দ আলাওলের কৃতিত্ব ও অবদান সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) “বাংলার শাক্ত ধর্ম ও সাহিত্যে এক নতুন দিগন্ত উন্মোচিত হয়েছিল সাধক কবি রামপ্রসাদ সেনের রচিত গানে।” কবি রামপ্রসাদ সেন ও তাঁর রচনা সম্পর্কে আলোচনা করে উক্তিটির যথার্থ্য প্রতিপন্ন করো।
- (ঙ) “মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের জ্যোতির্ময় আবির্ভাব ও প্রভাবে কেবল বৈষ্ণব পদাবলি নয়, ষোড়শ শতাব্দীর বাংলা সাহিত্যের বিভিন্ন ধারায় এল এক অভূতপূর্ব পরিবর্তন।” উক্তিটির আলোকে বাংলা সাহিত্যের বিভিন্ন ধারায় মহাপ্রভুর প্রভাব সম্পর্কে আলোচনা করো।
- (চ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী কোনটি? এই গ্রন্থ রচনায় কবির সার্থকতা সম্পর্কে আলোচনা করো।
- (ছ) কবি বিজয় গুপ্তের কাব্য সম্পর্কে আলোচনা করে তাঁর কবি-প্রতিভার বৈশিষ্ট্য বিশ্লেষণ করো।
- (জ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কাহিনি সংক্ষেপে বিবৃত করে এই ধারার দুজন কবির নাম লেখো।

★ ★ ★